গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিস
কালিয়াকৈর, গাজীপুর।

# কালিয়াকৈর উপজেলার প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব জাহেদা আখতার
উপজেলা শিক্ষা অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।

সভার স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ: ১৩ নভেম্বর ২০২৩
সময় : সকাল ১০.০০ ঘটিকায়

**উপস্থিত প্রধান শিক্ষকদের স্বাক্ষর পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

প্রধান শিক্ষক ছাড়াও সভায় উপস্থিত ছিলেন সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু হয়। সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
|---|---|---|---|---|
| ১ | ভোট কেন্দ্র | যে সকল বিদ্যালয়ে ভোট কেন্দ্র আছে সে সকল বিদ্যালয়ে রোড কানেকটিভিটি, বিদ্যুৎ সংযোগে সমস্যাসহ অন্য সমস্যা আছে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়। | যে সকল বিদ্যালয়ে ভোট কেন্দ্র আছে সে সকল বিদ্যালয়ে রোড কানেকটিভিটি, বিদ্যুৎ সংযোগে সমস্যাসহ যেকোন সমস্যা সমাধানের প্রয়োজনীয় উদ্দ্যোগ নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |
| ২ | স্লীপ প্ল্যান ও ভাউচার দাখিল করা | ২০২৩-২৪ অর্থবছরের স্লীপ প্ল্যান ও ভাউচার দাখিল করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২০২৩-২৪ অর্থবছরের স্লীপ প্ল্যান ও ভাউচার ২১/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |
| ৩ | শিখন ঘাটতি (বেইজ লাইন সার্ভে ফরম) | শিখন ঘাটতি বিষয়ে প্রত্যেক শিক্ষকের মধ্যে দায়িত্ব বন্টন করা হয়েছে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়। | শিখন ঘাটতি বিষয়ে প্রত্যেক শিক্ষকের মধ্যে দায়িত্ব বন্টন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক |
| ৪ | শ্রেণিকক্ষের দেওয়ালে শিক্ষার্থীদের আঁকা ছবি দ্বারা সজ্জিত করা | প্রত্যেক বিদ্যালয়ের শ্রেণিকক্ষের দেওয়ালে শিক্ষার্থীদের আঁকা ছবি দ্বারা সজ্জিত করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রত্যেক বিদ্যালয়ের শ্রেণিকক্ষের দেওয়ালে শিক্ষার্থীদের আঁকা ছবি দ্বারা সজ্জিত করার বিষয়ে জোর তাগাদা দেওয়া হয়। | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক |
| ৫ | লেসন প্ল্যান, উপকরণ ব্যবহার করা | প্রত্যেক শিক্ষককে পাঠদানের সময় লেসন প্ল্যান ও উপকরণ ব্যবহার করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রত্যেক শিক্ষককে পাঠদানের সময় যথাযথ লেসন প্ল্যান ও উপকরণ ব্যবহার করার জন্য জোর তাগাদা দেওয়া হয়। | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | বাড়ির কাজ | শিক্ষার্থীদেরকে বাড়ির কাজ দেওয়ার বিষয়ে আলোচনা করা হয়। | শিক্ষার্থীদেরকে বাড়ির কাজ দেওয়ার বিষয়ে তাগাদা দেওয়া হয়। | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক |
| ৭ | স্লীপ/রুটিন মেইনটেনেন্স/ অন্যান্য বরাদ্দের ক্যাশ রেজি: প্রস্তুত করা | প্রত্যেক বিদ্যালয়ে স্লীপ/রুটিন মেইনটেনেন্স/অন্যান্য বরাদ্দের রেজি: প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রত্যেক বিদ্যালয়ে স্লীপ/রুটিন মেইনটেনেন্স/অন্যান্য বরাদ্দের ক্যাশ রেজি: প্রস্তুত করার বিষয়ে তাগাদা দেওয়া হয়। | প্রধান শিক্ষক |
| ৮ | ভর্তিকৃত শিক্ষার্থী বৃদ্ধি | কোন বিদ্যালয়ে ২০০ এর নীচে শিক্ষার্থী থাকবে না এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | যে সকল বিদ্যালয়ে ২০০ এর নীচে শিক্ষার্থী আছে সে সকল বিদ্যালয়ে ২০০ এর উপরে শিক্ষার্থী বৃদ্ধি করার বিষয়ে তাগাদা দেওয়া হয়। | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক |
| ৯ | মা সমাবেশ/ অভিভাবক সমাবেশ এর রেজুলেশন করা | মা সমাবেশ/ অভিভাবক সমাবেশ এর রেজুলেশন করার জন্য প্রধান শিক্ষকদের সাথে আলোচনা করা হয়। | মা সমাবেশ/ অভিভাবক সমাবেশ এর রেজুলেশনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |
| ১০ | গেটে বাগান বিলাস লাগানো | বিদ্যালয়ের আঙ্গিনায় তুলসী গাছ এবং বিদ্যালয়ের গেটে বাগান বিলাস লাগানোর বিষয়ে পূর্ববর্তী সভায় আলোচনা করা হয়েছে। পুন: আলোচনা করা হয়। | যেসব বিদ্যালয়ের আঙ্গিনায় তুলসী গাছ এবং বিদ্যালয়ের গেটে বাগান বিলাস লাগানো হয়নি তাদের এ বিষয়ে তাগাদা দেওয়া হয়। | প্রধান শিক্ষক |
| ১১ | দপ্তরী ইউনিফর্ম | যে সকল বিদ্যালয়ে দপ্তরী আছে সে সকল বিদ্যালয়ের দপ্তরীদের ইউনিফর্মের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সে সকল বিদ্যালয়ের দপ্তরী এখনও ইউনিফর্ম বানায়নি তাদেরকে দ্রুত ইউনিফর্ম বানানোর জন্য বলা হয়। | প্রধান শিক্ষক |
| ১২ | শিক্ষকদের হাতের লেখা, মাত্রা দেওয়া ও আকৃতি ঠিক রাখা | শিক্ষকগণ লেখার সময়ে বর্ণের মাত্রা দেওয়া ও আকৃতি ঠিক রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | শিক্ষকগণ লেখার সময়ে বর্ণের মাত্রা দেওয়া ও আকৃতি ঠিক রাখার বিষয়ে বলা হয়। | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক |
| ১৩ | বোর্ডের ডান কোনে ৪টি তথ্য লেখা (শ্রেণি,বিষয়, শিক্ষার্থী উপস্থিতি, তারিখ) | বোর্ডের ডান কোনে ৪টি তথ্য লেখার (শ্রেণি, বিষয়, শিক্ষার্থী উপস্থিতি, তারিখ) বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বোর্ডের ডান কোনে ৪টি তথ্য লেখার (শ্রেণি,বিষয়, শিক্ষার্থী উপস্থিতি, তারিখ) বিষয়ে জোর তাগাদা দেওয়া হয়। | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক |
| ১৪ | অভিভাবকদের Phone no শ্রেণি শিক্ষকের ফোনে Save করা | প্রত্যেক শ্রেণি শিক্ষকের ফোনে অভিভাবকদের ফোন নম্বর Save করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রত্যেক শ্রেণি শিক্ষকের ফোনে অভিভাবকদের ফোন নম্বর Save করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক |
| ১৫ | সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার, সতর্কতা ও নীতিমালা | প্রত্যেক বিদ্যালয়ের শিক্ষকদেরকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার, সতর্কতা ও নীতিমালার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রত্যেক বিদ্যালয়ের শিক্ষকদেরকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার, সতর্কতা ও নীতিমালা অনুসরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক |
| ১৬ | কাব বেসিক কোর্স নাই এমন শিক্ষক | যে সকল বিদ্যালয়ের শিক্ষকের কাব বেসিক কোর্স নাই এমন শিক্ষকের তালিকা দেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | যে সকল বিদ্যালয়ের শিক্ষকের কাব বেসিক কোর্স নাই এমন শিক্ষকের তালিকা দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | ১৬ ডিসেম্বর কুচকাওয়াজ | ১৬ ডিসেম্বর এর কুচকাওয়াজ এবং ডিসপ্লেতে যে সকল বিদ্যালয় অংশগ্রহণ করে সে সকল বিদ্যালয়কে ৫ তারিখের রিহার্সেল এবং ৭ মিনিটের ডিসপ্লে এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১৬ ডিসেম্বর এর কুচকাওয়াজ এবং ডিসপ্লেতে যে সকল বিদ্যালয় অংশগ্রহণ করে সে সকল বিদ্যালয়কে ৫ তারিখের রিহার্সেল এবং ৭ মিনিটের ডিসপ্লে এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |
| ১৮ | অননুমোদিত অনুপস্থিত কেউ আছে কিনা | কোন বিদ্যালয়ে অননুমোদিত অনুপস্থিত কোন শিক্ষক আছে কিনা থাকলে তাদের তালিকা দেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কোন বিদ্যালয়ে অননুমোদিত অনুপস্থিত কোন শিক্ষক আছে কিনা থাকলে তাদের তালিকা দ্রুত সময়ে দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |

১৬.১১.২০২০

জাহেদা আখতার
উপজেলা শিক্ষা অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।

স্মারক নং- উশিঅ/কালিয়া/ ৫০৮

তারিখ: ১৬/১১/২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাজীপুর।
২। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), কালিয়াকৈর, গাজীপুর।
৩। অফিস কপি।